

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ১০৭টি প্রতিষ্ঠানকে ৯.০৫ লক্ষ টাকা জরিমানা

২০ মার্চ ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, রাজবাড়ি, নেত্রকোনা, ময়মনসিংহ, শরীয়তপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর টাঙ্গাইল, সিরাজগঞ্জ, রাজশাহী, নাটোর, বগুড়া, নওগাঁ, রংপুর, লালমনিরহাট, দিনাজপুর, গাইবান্ধা, ঝিনাইদহ, মাগুরা, কুমিল্লা, ভোলা, সাতক্ষীরা, যশোর, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, বরিশাল, কক্সবাজার, ও ফেণীতে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানা, জনাব রজবী নাহার রজনী এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক কলাবাগান ও ডেমরা এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে কমফোর্ট হসপিটাল, জিনজিরা হোটেল এন্ড রেস্টুরেন্ট, নুর স্বাদ বেকারী, ফুড প্রেস রেস্টোরা, সোনালী ফুড প্রডাক্টস ও আঞ্জিনা হোটেলকে যথাক্রমে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা, ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৬০,০০০/- (ষাট হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে মিজান ফার্মে সি ও স্টার মেডিকেলকে যথাক্রমে ২৫,০০০/- (বিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য করার অপরাধে নিউ স্টোরে কে ১০,০০০ (দশ হাজার) টাকাসহ মোট ৩,৭০,০০০/- (তিন লক্ষ সত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী ৪১টি বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৯৬টি প্রতিষ্ঠানকে ৫,২৯,৫০০/- (পাঁচ লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,৫০০/- (এক হাজার পাঁচ শত) টাকা প্রদান করা হয়।

গত ২০ মার্চ ২০১৯ তারিখে ৪৫টি বাজার তদারকি ও ২টি লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১০৭টি প্রতিষ্ঠানকে মোট ৯,০৫,৫০০/- (নয় লক্ষ পাঁচ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আদায়কৃত জরিমানা হতে ২ জন অভিযোগকারীকে ১,৫০০/- (এক হাজার পাঁচ শত) টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন সিভিল সার্জন, মৎস্য কর্ম কর্তৃ পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্ম কর্তৃ স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক (কার্য কন্ম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তৌর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা/পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা/বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।